

লোকসানে ভ্রমণ ও অবকাশ খাতের অধিকাংশ কোম্পানি

- A Monitor Desk Report

Date: 25 February, 2025



ঢাকাঃ পুঁজিবাজারে তালিকাভুক্ত ভ্রমণ ও অবকাশ খাতের অধিকাংশ কোম্পানির চলতি ২০২৪-২৫ হিসাব বছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) লোকসান হয়েছে।

কোম্পানিগুলোর মধ্যে রয়েছে সি পার্ল বিচ রিসোর্ট অ্যান্ড স্পা লিমিটেড, ইউনিক হোটেল অ্যান্ড রিসোর্ট পিএলসি ও দ্য পেনিনসুলা চিটাগং পিএলসি। তবে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেডের প্রথমার্ধের আর্থিক প্রতিবেদন এখনো প্রকাশ হয়নি, যে কারণে কোম্পানিটির মুনাফা বা লোকসান সম্পর্কে জানা যায়নি। প্রথমার্ধে বেস্ট হোল্ডিংস লিমিটেডের আয় কমেছে সাত গুণ।

আর্থিক প্রতিবেদন অনুসারে, সি পার্লের চলতি হিসাব বছরের প্রথমার্ধে কর-পরবর্তী লোকসান হয়েছে ১৬ কোটি ৫২ লাখ টাকা। আগের হিসাব বছরে মুনাফা ছিল ৩৩ কোটি ৫৪ লাখ টাকা। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) সি পার্লের কর-পরবর্তী লোকসান হয়েছে ৩ কোটি ৭৮ লাখ টাকা। আগের হিসাব বছরে মুনাফা হয়েছিল ১৩ কোটি ৯৬ লাখ টাকা।

চলতি হিসাব বছরের প্রথমার্ধে সি পার্লের শেয়ারপ্রতি লোকসান হয়েছে ১ টাকা ৩৭ পয়সা। আগের হিসাব বছরে শেয়ারপ্রতি আয় (ইপিএস) ছিল ২ টাকা ৭৮ পয়সা। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে প্রতিষ্ঠানটির শেয়ারপ্রতি লোকসান হয়েছে ৩১ পয়সা। আগের হিসাব বছরে ইপিএস ছিল ১ টাকা ১৬ পয়সা। ৩১ ডিসেম্বর ২০২৪ শেষে সি পার্লের শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ১৭ টাকা ৮ পয়সায়।

ইউনিক হোটেলের চলতি হিসাব বছরের প্রথমার্ধে কর-পরবর্তী লোকসান হয়েছে প্রায় ১৬ কোটি টাকা। আগের হিসাব বছরে মুনাফা হয়েছিল ২৬ কোটি ৪৮ লাখ টাকা। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে ইউনিক হোটেলের কর-পরবর্তী মুনাফা হয়েছে ১ কোটি ৫৭ লাখ টাকা, আগের হিসাব বছরে যা ছিল ১৪ কোটি ৪১ লাখ টাকা।

দ্য পেনিনসুলা চিটাগংয়ের চলতি হিসাব বছরের প্রথমার্ধে কর-পরবর্তী লোকসান হয়েছে ৪ কোটি ৬৬ লাখ টাকা, আগের হিসাব বছরে যা ছিল

১ কোটি ২৫ লাখ টাকা। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে দ্য পেনিনসুলার কর-পরবর্তী লোকসান হয়েছে ৯৭ লাখ টাকা, আগের হিসাব বছরে লোকসান ছিল ৮ লাখ টাকা।

চলতি হিসাব বছরের প্রথমার্ধে দ্য পেনিনসুলা চিটাগংয়ের শেয়ারপ্রতি লোকসান হয়েছে ৩৯ পয়সা, আগের হিসাব বছরে যা ছিল ১১ পয়সা। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে প্রতিষ্ঠানটির শেয়ারপ্রতি লোকসান হয়েছে ৮ পয়সা, আগের হিসাব বছরে যা ছিল ১ পয়সা। ৩১ ডিসেম্বর ২০২৪ শেষে দ্য পেনিনসুলা চিটাগংয়ের এনএভিপিএস দাঁড়িয়েছে ২৭ টাকা ৮৮ পয়সায়।

বেস্ট হোল্ডিংসের লিমিটেডের চলতি হিসাব বছরের প্রথমার্ধে শেয়ারপ্রতি আয় হয়েছে ১১ পয়সা, আগের হিসাব বছরে যা ছিল ৭৭ পয়সা। এক বছরের ব্যবধানে বেস্ট হোল্ডিংসের মুনাফা কমেছে সাত গুণ। আলোচ্য হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকে প্রতিষ্ঠানটির শেয়ারপ্রতি আয় হয়েছে ১০ পয়সা, আগের হিসাব বছরে যা ছিল ৪১ পয়সা। ৩১ ডিসেম্বর ২০২৪ শেষে দ্য পেনিনসুলার এনএভিপিএস দাঁড়িয়েছে ৫৩ টাকা ৩৬ পয়সায়।

-B